



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
এস.এম. মডেল সরকারি উচ্চ বিদ্যালয়
গোপালগঞ্জ।
Email: modelgovt@gmail.com
Website: www.smmodegovt.edu.bd

বিদ্যালয় কোড- ৬৭৫৩
EIN NO- 109447
জেলা কোড - ৩৩
থানা কোড-২৬২
ফোন নং-০৬৬৮-৫২৭৯

স্মারক নং- এস.এম.মডেল/গোপাল/২০২১/

তারিখ- ২৭/ ০৩/২০২১খ্রি:

এতদ্বারা এ বিদ্যালয়ের প্রভাতি ও দিবা শিফটের ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দরিদ্র, শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ, প্রাক্তন সিটমহলের বাসিন্দা, মুক্তিযোদ্ধার নাতি-নাতনিদের মাঝে সমন্বিত উপবৃত্তি কর্মসূচির নামে Secondary Education Program এর একটি স্কিম হিসাবে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষার অধীনে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়ক ট্রাস্টের আওতায় দরিদ্র, শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ, প্রাক্তন সিটমহলের বাসিন্দা এবং মুক্তিযোদ্ধার নাতি-নাতনিদের মাঝে উপবৃত্তি পেতে ইচ্ছুক শিক্ষার্থীদের মাঝে আগামী ৩১/০৩/২০২১খ্রি: তারিখের মধ্যে উপবৃত্তির জন্য আবেদন ফর্ম পূরণ পূর্বক অফিস চলাকালীন সময়ে অফিস সহকারীর নিকট জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য যে, শিক্ষার্থীর পিতা, মাতার/অভিভাবকের Account খোলা সংক্রান্ত তথ্যাদি নিচে উল্লেখ করা হলো।

১। একাউন্ট খোলাঃ

- শিক্ষার্থীর জন্মসনদ নম্বর ১৭ ডিজিটের হতে হবে।
- HSP MIS এ ৬ষ্ঠ, ৯ম এবং ১১শ শ্রেণিতে শিক্ষার্থীর তথ্য এন্ট্রির সময় পূর্ববর্তী পরীক্ষার(পি,এসসি, জেএসসি/জেডিসি, এসএসসি/দাখিল) নাম, রেজিস্ট্রেশন নম্বর, ফলাফল, উত্তীর্ণ হওয়ার বছর উল্লেখ করতে হবে।
- পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর,এন্টি/আপডেট করতে হবে। জাতীয় পরিচয়পত্র নম্বর ১০ অথবা ১৭ ডিজিট হতে হবে। ১৩ ডিজিটের জাতীয় পরিচয়পত্র থাকলে প্রথমে ৪ ডিজিটের জন্ম সাল যুক্ত করে ১৭ ডিজিট করতে হবে।
- শিক্ষার্থীর উপবৃত্তি অর্থ প্রাপ্তির ক্ষেত্রে অনলাইন ব্যাংক/এজেন্ট/ মোবাইল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করা যাবে। এছাড়া শিক্ষার্থীদের স্কুল ব্যাংকিং একাউন্টও ব্যবহার করা যাবে।
- অনলাইন/এজেন্ট ব্যাংক/এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১৩-১৭ ডিজিট এবং মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১১-১২ ডিজিট হতে হবে।
- অনলাইন/এজেন্ট ব্যাংক/ মোবাইল ব্যাংকিং একাউন্ট অবশ্যই শিক্ষার্থী/ পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খুলতে হবে। কেবল মাত্র পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের নামে একাউন্ট খোলা যাবে।
- “হিসাবধারীর নাম”এর স্থানে যার নামে অনলাইন ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা হয়েছে তার নাম লিখতে হবে।
- HSP MIS এ এন্ট্রির সময় পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম এন্টি করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম এন্টি করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন বৈধ ব্যক্তিকে(ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্টি করতে হবে। স্কুল ব্যাংকিং একাউন্টের ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসাবে তার নাম এন্টি করতে হবে।

বি: দ্র: ৯ম শ্রেণির শিক্ষার্থীরা যারা উপবৃত্তি কর্মসূচি বহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠান থেকে জেএসসি/জেডিসি পাস করে নতুন ভর্তি হয়েছে তারও উপবৃত্তি জন্য আবেদন করতে পারবে।

(মো: মাইন উদ্দিন ভূঁইয়া)

প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত)

এস.এম.মডেল সরকারি উচ্চ বিদ্যালয়

গোপালগঞ্জ।